

া কিয়ামতের আলামত

বিভাগ/অধ্যায়ঃ কিয়ামতের ছোট আলামত রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহ্ শাহেদ আল-মাদানী

২) চন্দ্ৰ দ্বিখন্ডিত হওয়া

আল্লাহ তাআলা বলেনঃ اقْتَرَبَتْ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَلُ कि शामाठ निक उत्रें হয়ে গেছে এবং চন্দ্র দ্বিখন্ডিত হয়েছে"। (সূরা কামারঃ ১)

হাফেয ইবনে রজব বলেনঃ ''আল্লাহ তাআলা চন্দ্র দ্বিখন্ডিত হওয়াকে কিয়ামত নিকটবর্তী হওয়ার অন্যতম আলামত হিসাবে নির্ধারণ করেছেন।[1]

আলেমদের সর্বসম্মত অভিমত হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর যামানায় চন্দ্র দ্বিখন্ডিত হওয়ার ঘটনা সংঘটিত হয়ে গেছে। এ ব্যাপারে একাধিক সহীহ হাদীছ বর্ণিত হয়েছে। আনাস (রাঃ) বলেনঃ মক্কাবাসীরা যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর কাছে নবুওয়াতের প্রমাণ চাইল তখন তিনি চন্দ্রকে দ্বিখন্ডিত করে দেখালেন"।[2]

ফুটনোট

ه الحكم الجديرة بالإذاعة: ص _ [1]

[2] - মুসলিম, অধ্যায়ঃ সিফাতুল মুনাফিকীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3070

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন